The Bangladesh Monitor - A Premier Travel Publication

# ফেব্রুয়ারিতেই অমর একুশে বইমেলা

- A Monitor Desk Report
Date: 03 November, 2025




**ঢাকাঃ জাতীয় সংসদ নির্বাচনের পর ফেব্রুয়ারিতেই ২০২৬ সালের অমর একুশে বইমেলার সিদ্ধান্ত হয়েছে।**

সোমবার (২ নভেম্বর) বিকালে বাংলা একাডেমির মহাপরিচালকের সঙ্গে বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির (বাপুস) নেতাদের বৈঠকে এ সিদ্ধান্ত হয়েছে।

বাংলা একাডেমির সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, সন্ধ্যায় বাপুসের প্রতিনিধিরা অমর একুশে বইমেলার সময় নির্ধারণ নিয়ে একাডেমির মহাপরিচালক অধ্যাপক মোহাম্মদ আজমের সঙ্গে বৈঠক করেন। বাপুসের প্রতিনিধিরা কয়েকটি সম্ভাব্য সময়ের কথা বলেন। বৈঠকে রাষ্ট্রের নিরাপত্তাবিষয়ক সংস্থার পরামর্শও পর্যালোচনা করা হয়। এর মধ্যে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের পরপর ফেব্রুয়ারিতেই মেলা আয়োজনের প্রস্তাব সার্বিক পরিস্থিতি বিবেচনায় বাস্তবসম্মত বলে গৃহীত হয়।

বাংলা একাডেমির মহাপরিচালক বলেন, ‘সভায় সিদ্ধান্ত হয়েছে জাতীয় সংসদ নির্বাচনের তারিখ নির্দিষ্ট হলে বইমেলার তারিখ ঘোষণা করা হবে। বাংলা একাডেমি বইমেলা আয়োজনের ব্যাপারে সরকারের ঊর্ধ্বতন কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট অন্যদের সঙ্গে যোগাযোগ রাখবে।’

এর আগে ২০২৬ সালের অমর একুশে বইমেলা চলতি বছরের ১৭ ডিসেম্বর শুরু হয়ে ২০২৬ সালের ১৭ জানুয়ারি পর্যন্ত আয়োজনের সময় ঘোষণা করা হয়েছিল। পরে ২১ সেপ্টেম্বর স্বরাষ্ট্র মন্ত্রণালয় অমর একুশে বইমেলা আসন্ন জাতীয় সংসদ নির্বাচন-পরবর্তী সময়ে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে বলে সিদ্ধান্ত নেয়। সেই অনুযায়ী ডিসেম্বরে বইমেলা স্থগিত করা হয়।

-B